

প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকে গবেষণায় গুরুত্ব দেয়ার আহ্বান কাদেরের

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক | ঢাকা, বুধবার, ০৬ জানুয়ারী ২০২১

পাবলিক ইউনিভার্সিটি'র পাশাপাশি প্রাইভেট ইউনিভার্সিটিগুলোকে গবেষণা কাজে অধিকতর গুরুত্ব দেয়ার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি তারুণ্যের অমিত শক্তি ও সম্ভাবনাকে চাকরির চৌহদ্দিতে বন্দী না করে স্বাধীন পেশা বেছে নেয়ারও আহ্বান জানান। গতকাল এশিয়ান ইউনিভার্সিটি'র রজতজয়ন্তী অনুষ্ঠানে এ আহ্বান জানান তিনি। ওবায়দুল কাদের তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে যুক্ত হন।

চাকরি করার মানসিকতা ত্যাগ করে, চাকরি দেয়ার জন্য প্রস্তুত থাকতে হবে উল্লেখ করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, তারুণ্যের উদ্যোক্তা হয়ে ওঠার জন্য সরকার নানামুখী সুযোগ উন্মুক্ত করে রেখেছে। তারুণ্যের অমিত শক্তি ও সম্ভাবনাকে চাকরির চৌহদ্দিতে বন্দী না করে স্বাধীন পেশা বেছে নিতে হবে।

ওবায়দুল কাদের বলেন, তারুণ্যরই আগামী দিনের বাংলাদেশ। তারুণ্যরই বাস্তবায়ন করবে স্বাধীনতার স্বপ্ন। তাদের হাত ধরেই অঙ্কিত হবে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের পথনকশা। তিনি বলেন, জীবন মানে যুদ্ধ। যে জীবনে যুদ্ধ নেই, চ্যালেঞ্জ নেই, সে জীবন, জীবন নয়। চলার পথে বিভিন্ন বাধা আসবে, গতি হারাতে পারে; কিন্তু এই সাময়িক ছন্দপতনে থেমে গেলে চলবে না। আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন অদম্য প্রাণশক্তি দিয়ে, তিনি জয় করেছেন বাংলাদেশের সমান সুনীল সমুদ্র সীমা, সম্ভাবনার দ্বার উন্মুক্ত করেছেন ব্লু-ইকোনোমির।

ওবায়দুল কাদের বলেন, বিশ্ব ব্যাংকের অপবাদে বিপরীতে নিজস্ব অর্থায়নে পদ্মাসেতু নির্মাণের সাহসী সিদ্ধান্ত নিয়ে প্রমাণ করেছেন বাঙালি বীরের জাতি। এক সময়ের তলাবিহীন ঝাড়ির বাংলাদেশ আজ বিশ্বের বিস্ময়। বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দক্ষ ও যোগ্য নেতৃত্বে মাছে-ভাতে বাঙালির পরিচয় আবার বিশ্বমাঝে তুলে ধরেছেন। তিনি বলেন, করেনা মহামারী বিশ্বকে থামিয়ে দিয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানেও এর প্রভাব পড়ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিষয়ে সার্বক্ষণিক মনিটরিং করছেন। করোনার নতুন ধরনের সংক্রমণ এবং এর গতিপ্রকৃতি বিবেচনা করে ও বিশেষজ্ঞদের মতামত নিয়ে সরকার শীঘ্রই একটি সিদ্ধান্ত নেবে। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের শেখ হাসিনার নেতৃত্বে সমৃদ্ধ আগামী নির্মাণের চলমান যাত্রায় সবাইকে নিজ নিজ অবস্থানে থেকে ভূমিকা রাখার আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইমেরিটাস অধ্যাপক ডক্টর আবুল হাসান মো. সাদেকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আওয়ামী লীগের মহিলা ও শিশুবিষয়ক সম্পাদক মেহের আফরোজ চুমকি, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. জাফর সাদেক।